

ডিজিটাল সেন্টারের কার্যক্রম ত্বরান্বিতকরণ বিষয়ে মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ কামরুজ্জামান উপজেলা নির্বাহী অফিসার ক্ষেতলাল, জয়পুরহাট।
সভার স্থান	:	উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষ
সভার তারিখ	:	৩১/০৮/২০১৫খ্রিঃ
সময়	:	বৈকাল ৪: ০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- ক দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়ঃ


রূপকল্প-২০২১ বাস্তবায়নে জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে সারাদেশে সকল ইউনিয়ন পরিষদে ইউনিয়ন ডিজিটাল কেন্দ্র স্থাপিত হয়েছে। সেই কেন্দ্রগুলোতে সরকার প্রযুক্তিগত সকল যন্ত্রপাতি/সরঞ্জামাদি সরবরাহ করেছেন। সেই যন্ত্রপাতি দিয়ে তথ্য সেবা প্রদানের মাধ্যমে জনগণের দোরগোড়ায় তথ্য প্রযুক্তির সুবিধা পৌঁছে দিতে হবে। উদ্যোক্তাদের আয় ও সেবা প্রদান সম্পর্কিত তথ্য নিয়মিত আপলোড করার মাধ্যমে সেবা সম্পর্কিত কার্যক্রম এর পরিধি বিস্তার ও সরকারের লক্ষ্য বাস্তবায়ন করা সম্ভব।

ডিজিটাল কেন্দ্রগুলোর সেবার মান বাড়ানোর জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়ঃ

সিদ্ধান্তঃ

- (১) ইউনিয়ন ডিজিটাল কেন্দ্রের উদ্যোক্তাদের প্রতিদিনের সেবার বিনিময়ে প্রাপ্য অর্থের তথ্য বা প্রতিবেদন প্রতিদিন হালনাগাদ অনলাইন মনিটরিং টুলে আপলোড করতে হবে।
- (২) পত্র প্রেরণের মাধ্যমে প্রতিটি তথ্য সেবাকেন্দ্রের উদ্যোক্তাদের সেবাদানের পরিধি বিস্তারের জন্য তাগিদ প্রদান করা আবশ্যিক।
- (৩) প্রত্যেক এলাকার তাৎক্ষণিক উন্নয়নমূলক, সচেতনতামূলক ঘটনা ও ঘটনার ছবি তথ্য বাতায়নে আপলোড করে তথ্য বাতায়নকে আরও সমৃদ্ধ করতে হবে।
- (৪) ডিজিটাল কেন্দ্রের আয় বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম বাড়াতে হবে।
- (৫) সকল প্রকার পত্র উদ্যোক্তাদের ই-মেইলে পাঠানো হবে এবং সেই পত্রের মর্ম অনুযায়ী উদ্যোক্তাগণ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন।
- (৬) প্রতি ১৫ দিন পর পর উদ্যোক্তাদের নিয়ে পাক্ষিক সভা অনুষ্ঠিত হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।


(মোঃ কামরুজ্জামান)
সভাপতি
ও
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.০৭.০১৩.১৫-

তারিখঃ ৩১/০৮/২০১৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ০১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট।
- ০৩। সহকারী কমিশনার (আইসিটি), জয়পুরহাট।
- ০৪। মেয়র, ক্ষেতলাল পৌরসভা, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৫। চেয়ারম্যান তুলশীগংগা /বড়াইল/বড়তারা/মামুদপুর/আলমপুর ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৬। উদ্যোক্তা, তুলশীগংগা /বড়াইল/বড়তারা/মামুদপুর/আলমপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার।
- ০৭। অফিস কপি।


৩১/০৮/২০১৫

(মোঃ কামরুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট।